

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
জাপান-১ শাখা  
শের-ই-বাংলা নগর, ঢাকা।  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd)

তারিখ: ২৯ জুন ২০১৬

**প্রেস বিজ্ঞপ্তি**

আজ ২৯ জুন ২০১৬ তারিখে বাংলাদেশ সরকার ও জাপান সরকারের মধ্যে জাপান সরকারের ৩৭তম ওডিএ লোন প্যাকেজের অন্তর্ভুক্ত নিম্নোক্ত ৬টি প্রকল্পের জন্য ১৭৩ বিলিয়ন ৫৩৮ মিলিয়ন জাপানিজ ইয়েন (আনুমানিক ১২,৮১৯ কোটি টাকা) সম্বলিত বিনিময় নোট ও ঋণচুক্তি স্বাক্ষরিত হয়েছে। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অতিরিক্ত সচিব কাজী শফিকুল আযম, বাংলাদেশে নিযুক্ত জাপানের মান্যবর রাষ্ট্রদূত Mr Masato Watanabe এর সাথে বিনিময় নোট এবং বাংলাদেশস্থ জাইকা অফিসের চিফ রিপ্রেজেন্টেটিভ Mr Mikio Hataeda এর সাথে ঋণচুক্তি স্বাক্ষর করেন।

প্রকল্প সমূহের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

প্রকল্পের নাম	প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ/বাস্তবায়নকারী সংস্থা	ওডিএ ঋণ সহায়তার পরিমাণ (জাপানিজ ইয়েন)
Jamuna Railway Bridge Construction Project (Engineering Services)	রেলপথ মন্ত্রণালয়; বাংলাদেশ রেলওয়ে	২,৪৬৪ মিলিয়ন
Cross-Border Road Network Improvement Project (Bangladesh)	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)	২৮,৬৯৮ মিলিয়ন
Dhaka Mass Rapid Transit Development Project (II)	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; ঢাকা মাস ট্রানজিট কোম্পানি লিমিটেড	৭৫,৫৭১ মিলিয়ন
Matarbari Ultra Super Critical Coal-Fired Power Project (II)	বিদ্যুৎ বিভাগ; সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ; কোল পাওয়ার জেনারেশন বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিএল); পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি); সওজ	৩৭,৮২১ মিলিয়ন
Energy Efficiency and Conservation Promotion Financing Project	বিদ্যুৎ বিভাগ; অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; অর্থ বিভাগ; স্ট্রেডা; ইউকল; বিআইএফএফএল	১১,৯৮৮ মিলিয়ন
Disaster Risk Management Enhancement Project	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়; পানি সম্পদ মন্ত্রণালয়; স্থানীয় সরকার বিভাগ; স্বরাষ্ট্র মন্ত্রণালয়; বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড; দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর; এলজিইডি; ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স	১৬,৯৬৬ মিলিয়ন
	মোট	১৭৩,৫৩৮ মিলিয়ন (আনুমানিক ১২,৮১৯ কোটি টাকা)

ঋণের শর্ত: বাৎসরিক সুদের হার ০.০১%; যা ১০ বৎসরের গ্রেস পিরিয়ডসহ ৪০ বৎসরে পরিশোধযোগ্য।

